২৫।হে পিতা, মালাউইয়ের মহিলারা যেহেতু তোমার আরও কাছে আসছে, সেহেতু তুমি তাদের প্রয়োজনগুলি পূরণ করো এবং তারা যেন তোমার মধ্যে তাদের শান্তি, প্রেম এবং আশা খুঁজে পায়। (রোমীয় ১২:১২)

২৬।হে প্রভু, আমরা কেনিয়ার সাংস্কৃতিক পূর্ব ধারণা পরিবর্তনের জন্য এবং মেয়েদের এবং মহিলাদের যে সমস্ত অনিষ্টকর প্রথাগুলো শিক্ষা, প্রশিক্ষণ এবং ভালো চাকরীতে যুক্ত হওয়া থেকে দূরে রাখে সেই বিষয়গুলোকে বাতিল করার জন্য প্রার্থনা করি। (যিরমিয় ২৪:৭)

২৭।উত্তর ইথিওপীয়ায় যুদ্ধের ফলে ধ্বংস হয়ে যাওয়া অসংখ্য বিদ্যালয়গুলির জন্য তহবিল সংগ্রহ এবং পুনর্নির্মাণের জন্য ঈশ্বরের প্রশংসা হোক। বিদ্যালয়ের প্রয়োজনীয় সমস্ত জিনিস যেন জোগানো হয়। (যাকোব ১:১৭)

২৮। বুরুন্দির সেই সমস্ত স্বামীদের অন্তরকে অভিযুক্ত করো যারা তাদের স্ত্রীদের এবং সন্তানদের পরিত্যাগ করে চলে গেছে। এই পরিবারগুলিতে তোমার ভালোবাসা আনো এবং পুনরুদ্ধার করো। (গীত ২৭:১০)

২৯।হে পিতা, জিম্বাবোয়ের বিদ্যালয়গুলিতে সমস্ত হিংস্র কার্যকলাপ বন্ধ করো, এবং দেশের নেতারা যেন এই বিষয়ে সাহায্য করার জন্য অহিংস সংঘর্ষ-সমাধানের দক্ষতা লাভ করতে পারে।(যিহিষ্কেল ৪৫:৯)

৩০।হে ঈশ্বর, নম্রতাকে সাদরে গ্রহণ করতে এবং নিজেদের উর্দ্ধে অন্যদের গুরুত্ব দিতে আমাদের সাহায্য করো। আমরা যেন আমাদের স্বার্থপরতাকে মৃত্যুসাৎ করতে পারি এবং তোমার পথগুলো গ্রহণ করতে পারি। (কলসীয় ৩:১২)

৩১।হে প্রভু, গ্রাণ্ড ইথিয়পীয় রেনেসাঁ বাঁধের মাধ্যমে জল এবং বিদ্যুতের জন্য তোমার প্রসংসায় ইথিয়পীয় লোকদের সঙ্গে আমরাও যেন যোগ দিতে পারি, এটি ইথিয়পীয়ার সীমিত সম্পদ এবং দীর্ঘমেয়াদী দুর্ভিক্ষের ইতিহাসের পর অত্যন্ত আনন্দের বিষয়। (যিশাইয় ১২:৩)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থন

**১। প্রার্থনা করবেন বাংলাদেশের মানুষের জন্য যারা এই গরমে অনেকে কষ্ট পাচ্ছে, এখনো অনেকে মানুষ গরমে কষ্ট পাচ্ছে। প্রার্থনা করেন যেন ঈশ্বর এই গরমের হাত থেকে বাংলাদেশের মানুষকে রক্ষা করেন**

**২। বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এবং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমাজে আত্মিক উদ্দীপনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।**

**৩। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।**

**৪। বর্তমানে বাংলাদেশে এলাকা ভিত্তিক ভোট চলছে যা আগামীতে পার্লামেন্ট ভোটের জন্য খুবই গুরুত্বপূর্ণ, তাই প্রার্থনা করবেন যেন ঈশ্বর দেশকে ভালবাসে এবং ঈশ্বরকে ভাল ভয় করে এমন নেতাদেরকে মনোনীত করেন।**

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

TWR WOMEN OF HOPE 소망의 여인들

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2023.7.**

# আফ্রিকান মহিলাদের জন্য প্রার্থনা 1

এখন আপনার অগ্রাধিকার কি? যদি আমরা যে কোন পরিস্থিতিতে ঈশ্বরের প্রতি দৃষ্টি দিতে চাই তবে আমাদের অতীতের দিকে ফিরে তাকাতে হবে। যখন ঈশ্বরের চিন্তা আমাদের চিন্তাধারা থেকে ভিন্ন হয়, তখন আমাদের অবশ্যই প্রার্থনা করতে হবে এবং ঈশ্বরের চিন্তাভাবনাকে বেছে নিতে হবে। সেটিই হল বাধ্যতা। এই পৃথিবীতে এসে যীশু যে জীবন দেখিয়েছিলেন তা ছিল স্বর্গীয় পিতার ইচ্ছা পালন করা।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১। হে পিতা, আমরা জিম্বাবোয়ের তশোলোৎশো-এর বালিকাদের শিক্ষা যেন প্রাধান্য পায় তার জন্য এবং তারা যেন কম বয়সে বিবাহ না করে তার জন্য প্রার্থনা করি। (হিতোপদেশ ৯:৯)

২। হে প্রভু, তানজানিয়ার মাসাই ল্যাঙ্গুের যে মহিলারা পড়তে পারে না তাদের জন্য শ্রুতি বাইবেলের জোগানের ব্যবস্থা করে দাও, তারা তোমার বাক্য জানতে ভালোবাসে। (গীত ১১৯:১১)

৩।হে পিতা, দক্ষিণ আফ্রিকার TWR ইন্ডিয়ার আশাময়ী নারী পরিচর্যাকারী দলটিকে লোকদের তোমার কাছে আনতে ব্যবহার করো এবং এর মাধ্যমে তাদের সমাজগুলিকে তুমি পরিবর্তিত করো। তাদের সরকারী নেতাদের প্রজ্ঞা দাও যেহেতু তাদের এই দেশের জন্য প্রতিদিন সিদ্ধান্ত নিতে হয়। (২ করি ৫:১৭)

৪। হে ঈশ্বর তোমার মধ্যেই প্রকৃত স্বাধীনতা।মালাউইয়ের যারা নেশার সঙ্গে সংগ্রাম করছে তারা যেন তোমার মধ্যে তাদের স্বাধীনতা খুঁজে পায়। (যোহন ৮:৩৬)

৫। কেনিয়া সরকার যেন মহিলাদের স্বাস্থ্য সংক্রান্ত দ্রব্যগুলি বালিকাদের বিনামূল্যে প্রদান করার উপর বিল পেশ করতে পারে। অনেক বালিকারা তাদের ঋতুস্রাবের সময়ে ১৪৪ সপ্তাহের মধ্যে ২৪ সপ্তাহ ক্লাসে যেতে পারে না স্যানিটারি ন্যাপকিনের অভাবে। (ফিলিপীয় ২:৪)

৬। ইথিওপীয়াতে আমাদের আশাময়ী নারী অনুষ্ঠানের জন্য হে প্রভু, আমরা তোমার প্রশংসা করি। অনুষ্ঠানে ঈশ্বরের যে বাক্য সহভাগিতা করা হয় তা বিশ্বাসীদের জীবনে বৃদ্ধি এনেছে। (ইব্রীয় ৪:১২)

৭।বুরুন্দিতে খাদ্য সামগ্রীর মূল্য অত্যন্ত বৃদ্ধি পাওয়ায়, স্বল্প উপার্জনকারী পরিবারগুলো টাকার অভাবে খাদ্য ক্রয় করতে পারছে না। হে ঈশ্বর, তাদের দৈনিক প্রয়োজনগুলি জুগিয়ে দাও যাতে এই পরিবারগুলি ক্ষুধায় কষ্ট না পায়! (গীত ১৪:৬)

৮।হে পিতা, জিম্বাবোয়ের লোকেরা যেন ভাক্তভাববাদী এবং ভ্রান্ত মতবাদগুলিকে বিশ্বাস করার পরিবর্তে কেবলমাত্র তোমার উপর আস্থা রাখে। (১ যোহন ৪:১-৩)

৯।জাঞ্জিবারে পেমবা দ্বীপে আগামী সেপ্টেম্বর মাসে পরিচর্যা শুরু করার জন্য আমরা প্রার্থনা করি। হে প্রভু, সেখানে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি সম্প্রচার করার জন্য রেডিও স্টেশন জুগিয়ে দাও। (রোমীয় ১০:১৭)

১০।হে ঈশ্বর, আমরা দক্ষিণ আফ্রিকার সেই সমস্ত মহিলাদের সান্ত্বনার জন্য প্রার্থনা করি যারা দলগত গুণ্ডামীতে এবং মাদকাসক্ত হিংস্রতায়, সড়ক দুর্ঘটনায় এবং প্রাকৃতিক বিপর্যয়ে তাদের প্রিয়জনদের হারিয়ে শোকার্ত হয়েছে।(গীত ২৩:৪)

১১।হে প্রভু, মালাউইতে বসবাসকারী লোকদের আর্থিক স্থায়িত্বের জন্য আমরা প্রার্থনা করি।অনুগ্রহ করে তাদের প্রয়োজনগুলির জোগান দাও।(ফিলিপীয় ৪:১৯)

১২।হে পিতা, কেনিয়ার অল্প বয়েসী মেয়েরা যেন যৌনভাবে সক্রিয় না হয় এবং তাদেরকে যেন কম বয়েসে বিয়ে না দেওয়া হয়।অপরিণত বয়েসে শিশু ধারণ করার বিষয়টি তাদেরকে স্কুলে যাওয়ার বিষয়টিকে বাধা দেয় এবং মেয়েটির এবং তার শিশুর স্বাস্থকে দীর্ঘমেয়াদীভাবে প্রভাবিত করে। (ইফিষীয় ৫:১-৩)

১৩।হে আমাদের জোগানদাতা ঈশ্বর, ইথিওপীয়ায় আমাদের TWR ইন্ডিয়ার আশাময়ী নারী নেতাদের একটি কৌশল এবং অর্থ দানকারী ব্যক্তি দাও যাতে সেখানকার মহিলাদের উদ্দেশে এই মহান পরিচর্যা কাজের জন্য অর্থ সরবরাহ চলতে থাকে। (রোমীয় ৮:৩২)

১৪।বুরুন্দির বিকলাঙ্গ শিশুদের কাছে, হে ঈশ্বর, সুস্থতা আনো। তাদের পরিবারগুলো চিকিৎসা পরিষেবার জন্য তাদের সমস্ত টাকা খরচ করে দেয় এবং বেঁচে থাকার রসদ কেনার জন্য তাদের কাছে কোনও টাকা থাকে না। (যিরমিয় ১৭:১৪)

১৫।হে পিতা, জিম্বাবোয়েতে যারা সম্পত্তি ধ্বংস করে এবং বৈদ্যুতিক তারগুলো চুরি করে, তাদের জন্য আমরা প্রার্থনা করি। তারা যেন তাদের এই মন্দ পথগুলো থেকে ফিরে আসে এবং তোমার কাছে আসে।(ইফিষীয় ৪:২৮)

১৬।হে ঈশ্বর, তানজানিয়ার শরণার্থী শিবিরের মহিলাদের জন্য খাদ্য, বস্ত্র এবং রেডিও জোগান দাও যাতে তারা আশাময়ী নারী অনুষ্ঠানগুলি শুনতে পারে। (লেবীয় ২৩:২২)

১৭।হে পিতা, দক্ষিণ আফ্রিকার পূর্ব কেপে জোসা ভাষায় আমাদের আশাময়ী নারী অনুষ্ঠানগুলি সহভাগিতা করার জন্য ক্ষুদ্র সৌর-শক্তি সম্পন্ন যন্ত্রগুলি বিভিন্নভাবে ব্যবহার করতে আমাদের নেতাদের অন্তর্দৃষ্টি দাও।(যাকোব ১:৫)

১৮।হে সদাপ্রভু, আমরা তোমার প্রশংসা করি, কারণ মালাউইয়ের যারা বিলাপ করছে এবং যারা শোকার্ত তাদের তুমি সান্ত্বনা দাও।(মথি ৫:৪)

১৯।হে ঈশ্বর, কেনিয়ার লোকদের বৃষ্টি দানের জন্য আমরা তোমার কাছে ক্রন্দন করি। এই সাম্প্রতিক খরার জন্য অনেক লোককে খাদ্য এবং জল ছাড়াই থাকতে হচ্ছে। (যিশাইয় ৪৪:৩-৪)

২০।হে পিতা, ইথিওপীয়ায় যুদ্ধের কারণে যারা পরিচালনা,স্বস্তি এবং শান্তির জন্য তাদের ঘর ছেড়ে পালিয়েছিল এবং এখনও যাদের পক্ষে ঘরে ফিরে আসা, স্থায়ী হওয়া এবং শান্তিতে জীবনযাপন করা কঠিন তাদের জন্য আমরা প্রার্থনা করি। (যোহন ১৬:৩৩)

২১। হে ঈশ্বর, বুজুমবুরা,বুরুন্দির অজ গ্রামের দরিদ্র মহিলাদের শক্তিশালী করো, যারা তাদের সন্তানদের এবং বৃদ্ধ বাবা মায়েদের ভরণ-পোষণ জোগানোর জন্য অক্লান্ত পরিশ্রম করে।(যিশাইয় ৪০:২৯-৩১)

২২।হে সদাপ্রভু, ঈশ্বর, জিম্বাবোয়ের বেকার পুরুষদের কাজের জন্য আমরা তোমার কাছে যাচ্ঞা করি যাতে তারা তাদের পরিবারগুলির প্রয়োজন পূরণ করতে পারে।(গীত ২৩:১)

২৩।হে পিতা, আমরা তানজানিয়ার বিধবা এবং অনাথদের জন্য প্রার্থনা করি। তারা যেন তাদের উত্তরাধিকারের সম্পত্তি লাভ করতে পারে তার জন্য তাদের একটা উপায় করে দাও। (গীত ১৪৬:৯)

২৪।হে প্রভু, দক্ষিণ আফ্রিকার মহিলাদের প্রার্থনার জীবন শক্তিশালী করো; তোমার সঙ্গে কীভাবে যুক্ত হতে হবে এবং তোমার ইচ্ছানুসারে কীভাবে প্রার্থনা করতে হবে সেই বিষয় তাদের শিক্ষা দাও। (গীত ২৫:৮-৯)